

# EMBASSY OF THE UNITED STATES OF AMERICA

## PUBLIC AFFAIRS SECTION

TEL: 880-2-883-7150-4

FAX: 880-2-9881677, 9885688

E-MAIL: [DhakaPA@state.gov](mailto:DhakaPA@state.gov)

WEBSITE: <http://dhaka.usembassy.gov>



## সংবাদ বিজ্ঞপ্তি

### রাষ্ট্রদূত মরিয়ার্টির তিনদিনব্যাপী সিলেট, হবিগঞ্জ ও শ্রীমঙ্গল সফর: জনগোষ্ঠী-ভিত্তিক উন্নয়ন উদ্যোগের ওপর গুরুত্বারোপ

ঢাকা, ৫ই আগস্ট -- উন্নয়ন কর্মকাণ্ড পর্যালোচনা করতে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত জেমস এফ. মরিয়ার্টি গত ৩-৫ই আগস্ট সিলেট, শ্রীমঙ্গল ও হবিগঞ্জ অঞ্চল সফর করেন। যুক্তরাষ্ট্র সরকারের অর্থায়নে পরিচালিত বিভিন্ন প্রকল্প পরিদর্শনকালে রাষ্ট্রদূত মরিয়ার্টি বাংলাদেশের উন্নয়নে যুক্তরাষ্ট্রের দীর্ঘমেয়াদী অঙ্গীকারের কথা পুনর্ব্যক্ত করেন। মিসেস লরেন মরিয়ার্টি ও যুক্তরাষ্ট্র আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার (ইউএসএআইডি) মিশন পরিচালক মিজ ডেনিস রলিঙ্গ এসময় রাষ্ট্রদূতের সাথে ছিলেন। স্বাস্থ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ এএফএম রুহুল হক, জাতীয় সংসদের চীফ হুইপ অধ্যক্ষ আব্দুস শহীদ, পরিবেশ ও বন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির চেয়ারম্যান আব্দুল মোমিন তালুকদার এমপি এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের কর্মকর্তারাও সপ্তাহব্যাপী এই পরিদর্শনে রাষ্ট্রদূতের সাথে যোগ দেন।

হবিগঞ্জের স্বস্তিপুর্বে রাষ্ট্রদূত মরিয়ার্টি এবং স্বাস্থ্যমন্ত্রী যুক্তরাষ্ট্র সরকারের সহায়তায় পরিচালিত “সূর্যের হাসি স্বাস্থ্য ক্লিনিক” উদ্বোধন করেন। ‘ইউএসএআইডি’র সহায়তায় “সূর্যের হাসি ক্লিনিক নেটওয়ার্ক”-এর সঙ্গে সরকারি-বেসরকারি অংশীদারিত্বের মাধ্যমে শেভরন বাংলাদেশ এই ক্লিনিকে অর্থায়ন করছে। সারাদেশে মোট ৩২০টি সূর্যের হাসি ক্লিনিক দুই কোটিরও বেশি মানুষকে অত্যাবশ্যক মাতৃত্ব ও শিশু স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা সেবা প্রদান করে থাকে -- যা দেশের মোট জনসংখ্যার প্রায় ১৭ শতাংশ।

মিসেস লরেন মরিয়ার্টি সিলেট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ক্যাম্পাসে অবস্থিত আমেরিকান কর্নার-এ ৫০ জন ছাত্রছাত্রীর সাথে গণতন্ত্রে শিক্ষার্থীদের ভূমিকা নিয়ে আলোচনা করেন। ২০০৫ সালে প্রতিষ্ঠিত আমেরিকান কর্নার সিলেট যুক্তরাষ্ট্র সম্পর্কে নির্ভরযোগ্য তথ্য প্রদান করে আসছে। এছাড়া এ কর্নার থেকে বই ও ম্যাগাজিন ধার নেয়া যায় এবং এখানে ইন্টারনেট ব্যবহারের সুবিধা রয়েছে।

শ্রীমঙ্গলে রাষ্ট্রদূত মরিয়ার্টি যুক্তরাষ্ট্র সরকারের সহায়তায় আয়োজিত লাউয়াছড়া জাতীয় উদ্যানের সংরক্ষণ ও সহ-ব্যবস্থাপনার ওপর এক সংলাপে যোগদান করেন। এই সংলাপ যুক্তরাষ্ট্র সরকারের অর্থায়নে এক কোটি ২৭ লাখ ডলার ব্যয়ে বন ও জলাভূমি সংরক্ষণ কর্মসূচির অংশ বিশেষ। এই কর্মসূচি “সমন্বিত সংরক্ষিত এলাকা সহ-ব্যবস্থাপনা” বা “আইপিএসি” নামে পরিচিত। জাতীয় উদ্যান সংরক্ষণ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়সমূহ নিয়ে আলোচনা করতে সুশীল সমাজের সদস্য, ব্যবসায়ী নেতৃবৃন্দ, সরকারি কর্মকর্তা, শিক্ষাবিদ ও কমিউনিটি নেতৃবৃন্দ এই সংলাপে অংশগ্রহণ করেন। এছাড়া রাষ্ট্রদূত মরিয়ার্টি লাউয়াছড়া জাতীয় উদ্যানে একটি ছাত্রাবাস উদ্বোধন করেন এবং মাগুরছড়ায় খাসিয়াদের গ্রাম পরিদর্শন করেন। তিনি সেখানকার খাসিয়া সম্প্রদায়ের সদস্যদের সাথে কথা বলেন। লাউয়াছড়া জাতীয় উদ্যানে “কমিউনিটি মালিকানাধীন প্রকৃতি ব্যাখ্যা কেন্দ্র” বা “সিওএনআইসি”-র উদ্বোধনী অনুষ্ঠানে যোগদানের মধ্য দিয়ে রাষ্ট্রদূত মরিয়ার্টি তার সফর শেষ করেন।

=====

জিআর/২০০৯

**দ্রষ্টব্য:** এই সংবাদ বিজ্ঞপ্তির ইংরেজি ভাষ্য ‘আমেরিকান সেন্টার’-এ পাওয়া যাবে। যদি আপনি ইংরেজি ভাষ্যটি পেতে আগ্রহী হন, তবে ‘আমেরিকান সেন্টার’-এর প্রেস সেকশনে (টেলিফোন: ৮৮৩৭১৫০-৪, ফ্যাক্স: ৯৮৮৫৬৮৮; ই-মেইল: [DhakaPA@state.gov](mailto:DhakaPA@state.gov) এবং ওয়েবসাইট: [dhaka.usembassy.gov](http://dhaka.usembassy.gov) যোগাযোগ করুন।